

# বউয়ের কাছে
# স্বামীরা সব গাধা

# বউয়ের কাছে স্বামীরা সব গাধা

## মাসুদুল হাসান রনি



অনিন্দ্য প্রকাশ

প্রথম প্রকাশ
মাঘ ১৪৩০ ফেব্রুয়ারি ২০২৪

প্রকাশক
মোঃ আফজাল হোসেন
**অনিন্দ্য প্রকাশ**
৩৮/৪, পি. কে. রায় রোড, বাংলাবাজার, মান্নান মার্কেট (৩য় তলা), ঢাকা-১১০০
ফোন : ০২২২৬৬৩৭৯৯৬, ০১৯৭১৬৬৪৯৭০, ০১৭১১৬৬৪৯৭০

বর্ণবিন্যাস
আদিত্য কম্পিউটার
৪০/১, মাতুয়াইল, যাত্রাবাড়ী, ঢাকা-১৩৬২
মোবাইল : ০১৯১৯৬৬৪৯৭০

বানান সমন্বয়ক
প্রণব রায়

গ্রন্থস্বত্ব : লেখক

প্রচ্ছদ : ধ্রুব এষ

অলংকরণ : অমিয় কৃষ্ণমূর্ত্তি সাহা

মুদ্রণ
অনিন্দ্য প্রিন্টিং প্রেস
৩০/১-ক, হেমেন্দ্র দাস রোড, ঢাকা-১১০০
ফোন : ৯৫৯০৬১৬, ৯৫৭৩৭৬৯, ০১৭১১৬৬৪৯৭০

**মূল্য : ২৫০.০০ টাকা**

---

**Bauyer Kache Samira Sab Gadha** by **Masudul Hasan Roni**
Published by Md. Afzal Hossain

**Anindya Prokash**
38/4, P. K. Roy Road, Banglabazar
Mannan Market (2nd Floor), Dhaka-1100
Phone : 02226637996, 01971664970, 01711664970
e-mail : anindya.prokash@yahoo.com

First Published : Feburay 2024

Price : 250.00
US $ 10

ISBN 978 984 98480 0 4

**ঘরে বসে অনিন্দ্য প্রকাশ-এর বই কিনতে ভিজিট করুন**
www.anindyaprokash.com ফোনে অর্ডার করতে ০১৫৭১১১৯৬৬৬
www.rokomari.com/anindyaprokash ফোনে অর্ডার করতে ১৬২৯৭
www.othoba.com/anindyaprokash ফোনে অর্ডার করতে ০৯৬১৩৮০০৮০০
www.boibazar.com/anindyaprokash ফোনে অর্ডার করতে ০৯৬১১২৬২০২০
www.prothoma.com/publisher/অনিন্দ্য-প্রকাশ ফোনে অর্ডার করতে ০১৯৮৮৩৩৭৭৩৩
www.boiferry.com/publisher/anindya-prokash ফোনে অর্ডার করতে ০৯৬৩৮১১২১১২

## উৎসর্গ

বাকীউল আলম
প্রিয় বন্ধু আমার ও
প্রিয় ছড়াকার

## সূচিপত্র

রবিবারে বাপের বাড়ি ম্যান্ডেটরি  ৯
রবিবারে কান্দন ছাড়া বাঁচন নাই  ১০
রবিবারের ছড়া  ১১
রবিবারেও রিমোট দখল বউয়ের হাতে  ১৩
বাক্যদোষ  ১৫
রবিবারে শ্বশুর এলো বাড়িতে  ১৬
ম্যানেজ বিদ্যা  ১৭
রবিবারে বুয়ার অসুখ, আমার হয়েছে জ্বালা!  ১৮
রবিবারে ম্যান্ডেটরি রেস্তোরাঁয় ডিনার  ১৯
স্ট্যাটাসে অনেক ক্যাচাল  ২১
ছুটির দিন চাই না  ২২
ধ্যাত্তেরিকা  ২৩
ছুটির দিনের দুঃখ বলি কাকে  ২৪
ঈদের আগে হচ্ছি জবাই!  ২৬
ছুটির দিন মাটি  ২৭
ছুটির দিনের স্বাধীনতা  ২৯
রোজ যদি শনিবার হতো!  ৩০
ছুটির দিনে শান্তি চাই  ৩২
না চাইতে মেঘ পেল জল  ৩৪
শান্তি চাইলে কৌশলী হন  ৩৬
ছাদনাতলায় কে যেত  ৩৭
বউয়ের কাছে স্বামীরা সব গাধা!  ৩৯
ছুটির দিনের ছড়া লেখা বন্ধ  ৪০
শান্তি চাইলে বউয়ের সব কথায় সায় দিন!  ৪২
ছুটির দিনে আঙুল কামড়াই জিদে  ৪৩
গায়ে মারে না বউ  ৪৪
ঘরের শত্রু বিভীষণ  ৪৫
বোঝে না সে ছুটির দিনের সুখ  ৪৬
বোঝে না সে  ৪৭
উৎপাত  ৪৮

# রবিবারে বাপের বাড়ি ম্যান্ডেটরি

রবিবারে ছুটির দিনে বউ যাবে তাঁর বাপের বাড়ি
সকাল থেকে ব্যস্ত ভীষণ, পড়বে কোন রঙের কোন শাড়ি!
সুতি নাকি শিফন, জর্জেট? হালকা রঙের? না জমকালো?
গবেষণা চলতে থাকে কোনটা পড়লে লাগবে ভালো।

এন্ডি কটন, কাঞ্জিভরম, বেনারসি, মটকা, তসর?
মণিপুরী, রাজশাহী সিল্ক? নাকি ঢাকাই তাঁতের উপর?
আলমিরাতে শাড়ি ছিল যতো বাহারি সব রঙের
একটাও নাকি পছন্দ নয়, কী যে কথা শুনি ঢঙের!

শাড়ির পরে ঠিক করে সে, পড়বে কোন গহনা, চিক, চূড়
সাতনরি হার, ঝুমকা, টিকলি, হাতে আংটি, পায়ে নূপুর।
এতেও নাকি সাজ হবে না? প্রেস্টিজ হয়ে যাবে পাংচার
লকার খুলে নামায় আরো সোনার নাকছাবি, সীতাহার।

সদ্য কেনা কয়েক জোড়া নতুন কানপাশা, কানবালা
এসব যদি না পড়ে যায় কী বলবে ভাই-বোন, মা-খালা?
শাড়ির সাথে মানাবে ব্যাগ কেলভিন কেলাইন নাকি ডিওর?
কালেকশানের ব্যাগগুলো সব চামড়ার, হান্ড্রেড পার্সেন্ট পিওর।

ছুটির দিনে ম্যান্ডেটরি বউয়ের বাপের বাড়ি যাওয়া,
কিন্তু আমার সকাল থেকে হয়নি নাশতা-পানি খাওয়া।
এসব নিয়ে ব্যস্ততায় সে সময় কাটায় দিনরাত, বুঝছো,
ছুটির দিনে আমি যেন ঘরে বাড়তি বোঝা, তুচ্ছ!



# রবিবারে কান্দন ছাড়া বাঁচন নাই

রবিবার মানে ছুটির দিন
অলসতায় ভরপুর
ভেবেছিলাম ঘুমে ঘুমে
কাটবে সকাল-দুপুর!

কিন্তু বউয়ের হাঁকডাকে ঘুম
যায় ভেঙে খুব ভোরে
আরামের ঘুম হারাম করে
উঠতে হলো, ‘ওরে–

এই অভাগার কপালে কী
সুখ বলে কিছু নাই?’
বউয়ের জ্বালায় সাতসকালে
বাজারে ছুটে যাই।

গোমড়ামুখে এটা সেটা
কিনে যখন ফিরি
বাজার দেখে হুংকার দেয় বউ
মুখ করে বিচ্ছিরি!

কোন দুঃখে বিয়ে করেছি
ভেবে আসে কান্না,
কষ্ট দেখে হাসেন? আপনি
আমার ভালো চান্ না।

সারা সপ্তাহ যেমন তেমন
রবিবার বাঁচন নাই
বউয়ের খোঁচায় কান্দন আসে
ইচ্ছে কোথাও পালাই।



## রবিবারের ছড়া

মানুষ আমি সহজ সরল
বুদ্ধিও নাই ঘটে
সবাই আমায় ঠকিয়ে যায়
সত্যি কথা বটে।

ছুটির দিনে বাজারে যাই
বউয়ের ফর্দ নিয়ে
কী যে কঠিন কাজ, সে জানে,
যে করেছে বিয়ে।

ফর্দ দেখে বাজার থেকে
কত কিছু কিনি
আলু, পটল, ঝিঙে, ডাটা,
চা-দুধ, লবণ, চিনি।

মাছ কিনতে হয় কানকো দেখে,
বউ দিয়েছে বলে
যেয়ো না ভুলে দোকানির
ছলা ও কৌশলে।

জল ছিটানো সবজি দেখে
লাগবে সজীব, তাজা
খবরদার, কিনবে না এসব
যায় না তেলে ভাজা।

টাটকা তাজা কিনতে যে হয়
বোকা লোকও বুঝে
কী মুসিবত, পাই না টাটকা
সারা বাজার খুঁজে!

বুদ্ধি করে ফর্দ দেখে
সবই কিনে ফেলি
মাছ মাংস, সবজি ছাড়াও
বাদ যায় না জ্যাম-জেলি।

একটা কিনলে ফ্রি দেন দু'টো
দোকানিটা হেসে
সরলতার সুযোগে দেয়
পঁচা পণ্য ঠেসে!

মেয়াদোত্তীর্ণ পঁচা মাল
কিনে রাজার বেশে
বাড়ি ফিরে খায়নি ঝাড়ি
কেউ কি আছেন দেশে?



# রবিবারেও রিমোট দখল বউয়ের হাতে

ছুটির রাতে আরাম করে
দেখবো বসে টিভি,
আমার কি সেই ভাগ্য আছে?
ঘরে আছেন বিবি।

বিবি আমার টিভির পোকা
কাজকর্ম সব ফেলে
নাটক দেখে, বিকার নেই তার
ঘর উচ্ছন্নে গেলে।

জি বাংলা, স্টার জলসা কিংবা
তারা বাংলা, সনি
বিবির সব প্রিয় চ্যানেলে
রবি থেকে শনি–

একটার পরে একটা নাকি
ধারাবাহিক চলে
(সংসারে কি মন আছে তার
এসব দেখার ফলে!)

সারাক্ষণই মাথার ভেতর
সিরিয়ালের পোকা
কত কিছু শোনায় আমায়
শ্রোতা পেয়ে বোকা!

বিবির এখন প্রিয় মানুষ
মিঠাই, সর্বজয়া
খুকুমনি, কাদম্বরী
যমুনা ও টয়া।

তাদের শাড়ি, কপালের টিপ
শরীরভরা গয়না,
একই কথা রোজই শুনি
গল্পতো শেষ হয় না!

ইচ্ছে ছিল ছুটির রাতে
দেখব ডিসকভারি
বিবির জ্বালায় আমি কি আর
এসব দেখতে পারি?

রিমোটে হাত যায় না দেওয়া
থাকে তাঁর দখলে,
তাঁর পছন্দের চ্যানেল চলে
দর্শক হই সকলে।



## বাক্যদোষ

মনের আবেগে আজ বলেছিলাম বউকে
‘ওগো তুমি কল্পনার চেয়ে বিউটিফুল’
সহজ সরল বউটি আমার উল্টো বুঝে
মাথায় তুলে ঘরদোর, বাঁধালো হুলুস্থুল।

“সত্যি করে বলো তুমি কল্পনাকে?
ভাতের বদল বিষ খাব, একটুও নয় ভুল,
ওগো আমার কী হবে গো, চেঁচাচ্ছে বউ
কীযে করি, ভেবে ভেবে পাইনাতো কুল!
বাক্যদোষে গেলাম ফেঁসে, কে বোঝাবে?
রাগে দুঃখে ক্ষোভে ছিঁড়ি মাথার সব চুল।



# রবিবারে শ্বশুর এলো বাড়িতে

রবিবারে ছুটির দিনে
শ্বশুর এলো বাড়িতে,
কোর্মা পোলাও কত্ত কিছু
হচ্ছে রান্না হাঁড়িতে।

শ্বশুর বাবার কোলস্টেরল,
প্রেশার, ডায়াবিটিসে
কাবু ভীষণ, এছাড়াও
আক্রান্ত কত কীসে!

হাঁটুর ব্যথা আর্থারাইটিজ
ভোগায় তাকে শীতকালে,
খাওয়ায় তেমন রুচি নেই তাঁর
মাছ মাংস চিকন চালে।

বাবা আসায়, বুয়ার সাথে
রান্নাঘরে বউ নিজে
এটা সেটা রান্নাবান্নায়
আজ ব্যস্ত ভীষণ, কী যে!

আমার দিকের ভাইবোনেরা
আসে যদি বেড়াতে
তাদের দেখে মাইগ্রেন পেইন
বউয়ের হবে সে রাতে!

